# excluded WORKER$ fund

NYS শ্রম দপ্তর (Department of Labor)



আমি যখন দায়িত্ব গ্রহণ করি তখন আমার শীর্ষ অগ্রাধিকারগুলির মধ্যে একটি ছিল অতিমারি-সম্পর্কিত ত্রাণ শ্রমিকদের দ্বারা সময়মত এবং ভালোভাবে যাতে উপলব্ধ হয় তা নিশ্চিত করা। আমরা অল্প সময়ের মধ্যেই সেই লক্ষ্য পূরণ করেছি। যে অভূতপূর্ব গতিতে Excluded Workers Fund (বঞ্চিত কর্মীদের তহবিল- EWF)-এর সুবিধাগুলি দেওয়া হয়েছিল এবং এই পরিমাণ ডলার দিয়ে সাহায্য করার ফলে স্টেটজুড়ে এই প্রবাসী পরিবারগুলি যেভাবে উপকৃত হয়েছে তাতে আমি গর্বিত।

COVID-19 অতিমারির ফলে আসা বিধ্বংসী রূপ-এর প্রভাব নিউ ইয়র্ক-এর প্রয়োজনীয় কর্মীদের চেয়ে ভাল আর কেউ জানে না। শুধুমাত্র তাদের পরিবার এবং সম্প্রদায়গুলিই যে ভাইরাস দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হয়েছে তা না, তাদের মধ্যে অনেকেই নিজেদের জীবিকা হারিয়েছিল এবং নিজেদেরকে অগণিত ত্রাণ প্রোগ্রাম থেকে বহিঃষ্কৃত হিসাবে পেয়েছিল যার ফলে এইসব নিউ ইয়র্ক-বাসীরা চরম বিপদে পড়েছিল।

স্ট্রিট ভেন্ডর থেকে শুরু করে গৃহকর্মী, ডেলিভারি ড্রাইভার এবং রাঁধুনি - আক্ষরিক অর্থে প্রায় কয়েক হাজার স্বল্প বেতনের প্রবাসী কর্মী নিউ ইয়র্ককে তার এই খারাপ দিনগুলি অতিবাহিত করতে গুরুত্বপূর্ণ পরিষেবাগুলি সরবরাহ করেছিলেন, এরকম একটি সময় যখন তাদের অনেকের কাছেই বাড়ি থেকে কাজ করার সুযোগ ছিল। তবুও, প্রবাসী পরিচয় ব্যতীত কর্মশক্তিতে যোগদানকারী এই উল্লেখযোগ্য অংশের মানুষেরা কোনও বাহবা পায়নি, অতিমারি চলাকালীন নিজেদের মোকাবিলা চালিয়ে যাওয়ার জন্য, কোনও বেকারত্ব বীমা, কোনও ফেডারেল সহায়তা বা অন্য সরকারী লাইফলাইনও পায়নি- কর প্রদান করা থেকে শুরু করে অর্থনীতির এই সমস্ত ক্ষেত্রে প্রচুর অবদান রাখার পরেও।

1 আগস্ট, 2021 তারিখে নিউ ইয়র্ক স্টেট ঐতিহাসিকভাবে বঞ্চিত কর্মী তহবিল- পরিবর্তন আনে, যা হল দেশে ঘটা এই ধরনের সবচেয়ে বড় প্রোগ্রাম, এখানে তাদের জন্য আবেদন গ্রহণ করা শুরু করে। 2021 সালের এপ্রিল মাসে নিউ ইয়র্ক স্টেট আইনসভা (New York State Legislature) দ্বারা পাস হওয়া $2.1 বিলিয়ন তহবিল, রাজ্য জুড়ে 128,000 টিরও বেশি প্রয়োজনীয় কর্মীদের $15,600 পর্যন্ত এককালীন অর্থপ্রদানের আকারে ত্রাণ সরবরাহ করেছিল।

এই রাজ্যের দীর্ঘমেয়াদী বাসিন্দারা জানেন যে, নিউ ইয়র্ক-বাসীরা সর্বদা সবচেয়ে কঠিন সময়গুলিতে একসাথে এক হয়ে পাশে দাঁড়ায়। কয়েক হাজার মানুষ তাদের জানালা দিয়ে রাতের পর রাত সামনের সারির কর্মীদের জন্য বজ্র করতালি দিয়ে EWF-তে সহানুভূতি, ন্যায্য ও সমতার মূল্যবোধের পরিচয় দেয়, যা আমাদেরকে একটি একক রাষ্ট্র হিসাবে সংজ্ঞায়িত করে।

এই অতুলনীয় তহবিলটি তাদের কঠোর লড়াইয়ের ফলে এবং অনেক কষ্টের ফলে তারা জয় করেছিল, যারা আমাদের স্থানীয় অর্থনীতিকে চাঙ্গা করার সময় তাদের জীবনকে এই পথে এনে দাঁড় করিয়েছিল। এটি শ্রমিক এবং সম্প্রদায়ের উকিলদের জন্যি সম্ভব হয়েছে, যারা আলবেনিতে তাদের মামলা করার জন্য মিছিল করেছে, সমাবেশ করেছে এবং এমনকি অনশনও করেছে।

এটি বিধায়ক এবং সরকারি আধিকারিকদের জন্যও সম্ভব হয়েছে যারা স্বীকার করেছেন যে যখন অনেক কর্মী এবং ব্যবসা অতিমারি সংক্রান্ত ক্ষতি থেকে পুনরুদ্ধার হতে শুরু করেছে, তখন তাদের কাছে নথিভুক্ত প্রবাসীরা তখনও আবাসন, স্বাস্থ্যসেবা এবং কর্মসংস্থানের ক্ষেত্রে বিশেষভাবে ঝুঁকির মধ্যে ছিল।

এই ঐতিহাসিক তহবিলের বিভিন্ন উপাদানের বিস্তারিত বর্ণনা সংক্ষিপ্তসারে নিচে একটি প্রতিবেদন দেওয়া হল।

সম্মানীয়,

Kathy Hochul

Governor Kathy Hochul
(গভর্নর ক্যাথি হচুল)



# NYS শ্রম দপ্তর (Department of Labor)

## Excluded Workers Fund (বঞ্চিত কর্মীদের তহবিল)

সূচিপত্র


| | |
|---|---|
| 1. সংক্ষিপ্ত বিবরণ | 4 |
| 2. সম্প্রদায়ের প্রথম পদক্ষেপ | 5 |
| 3. প্রধান স্টেকহোল্ডারদের সাথে অংশীদারিত্ব | 6 |
| 4. উদ্ভাবনী প্রযুক্তিগত সমাধান | 7 |
| 5. AN -এর অ্যাপ্লিকেশন ফাইল করা | 8 |
| 6. অ্যাপ্লিকেশনের প্রক্রিয়াকরণ | 9 |
| 7. প্রধান তথ্যগত বিষয় | 11 |
| 8. নিউ ইয়র্ক-বাসীদের থেকে সংগৃহীত অতিরিক্ত গল্প | 12 |
| 9. আলোচ্য প্রধান বিষয়গুলি | 15 |

## 1. রূপরেখা

রাজ্য জুড়ে অ্যাডভোকেট এবং প্রভাবিত সম্প্রদায়ের অবিচল প্রচেষ্টার পরে, নিউইয়র্ক রাজ্যের আইনসভা এবং গভর্নর 19 এপ্রিল, 2021-এ ঐতিহাসিকভাবে $2.1 বিলিয়ন অর্থ Excluded Workers Fund হিসাবে পাশ করেছে, যা এই ধরনের প্রোগ্রামের ক্ষেত্রে দেশের জাতীয় বৃহত্তর প্রোগ্রাম হিসাবে পরিগণিত হয়েছে। এই তহবিলটি নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দাদের আর্থিক ত্রাণ প্রদানের জন্য তৈরি করা হয়েছিল যারা অতিমারি চলাকালীন জীবিকা নির্বাহে ক্ষতির সম্মুখীন হয়েছিল এবং বেকারত্ব ও অতিমারির জন্য প্রাপ্ত সুবিধা সহ বিভিন্ন ফেডারেল ত্রাণ প্রোগ্রাম থেকে বাদ পড়েছিল। প্রোগ্রামটি আইনগতভাবে পাশ হওয়ার পরপরই, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (New York State Department of Labor-DOL), তহবিল পরিচালনার দায়িত্বপ্রাপ্ত সংস্থা বাস্তবায়ন প্রক্রিয়া শুরু করে।

প্রোগ্রামটি 1 আগস্ট, 2021 -এ শুরু হয়েছিল এবং প্রথম মাসের মধ্যে 90,000 -এরও বেশি আবেদন গৃহীত হয়েছিল। EWF-এর সুবিধার পাওয়ার জন্য, আবেদনকারীদের তাদের পরিচয় এবং NYS বাসস্থান উভয়ই যাচাই করতে হবে। তহবিলের অধীনে দেওয়া সুবিধাগুলিকে স্তরবিন্যাসে সাজানো হয়েছিল, অনুমোদিত আবেদনকারীরা তাদের দেওয়া কাজের যোগ্যতার প্রমাণের ভিত্তিতে দুটি পরিমাণের মধ্যে একটি গ্রহণ করে। টিয়ার 1 অনুমোদিত আবেদনকারীরা $15,600 এবং টিয়ার 2 অনুমোদিত আবেদনকারীরা $3,200 পেয়েছে। অনুমোদিত আবেদনকারীদের 99 শতাংশেরও বেশি আবেদনকারী সর্বোচ্চ তহবিলের পরিমাণ $15,600 পেয়েছে। উভয় স্তর-ই স্টেট এবং ফেডারেল করের সাপেক্ষে পেয়েছে।

তহবিল প্রশাসকরা প্রাথমিকভাবে অনুমান করেছিলেন যে পর্যালোচনা এবং প্রক্রিয়াকরণের জন্য ছয় থেকে আট সপ্তাহ সময় লাগবে, কিন্তু স্টেটের বিভিন্ন সংস্থার মধ্যে ঘনিষ্ঠ সহযোগিতার কারণে, অনুমোদিত আবেদনগুলি প্রায় চার সপ্তাহের মধ্যেই প্রক্রিয়াকরণ করা হয়েছিল (যে দাবিগুলি প্রাথমিকভাবে অস্বীকার করা হয়েছিল এবং আপিলের পরে অনুমোদিত হয়েছিল)। এই প্রতিবেদন প্রকাশের তারিখ থেকে, 128,000-টিরও বেশি আবেদন অনুমোদন করা হয়েছে এবং প্রশাসনিক খরচ বাদ দিয়ে $2 বিলিয়ন তহবিলের পুরোটাই অনুমোদিত নিউ ইয়র্ক-বাসীদের মধ্যে বিতরণ করা হয়েছে।





***"তহবিল আমার জীবনকে অনেক বদলে দিয়েছে। অতিরিক্ত ভাড়া পরিশোধ করতে, আমার অর্থপ্রদানের বিষয়ে আপডেট পেতে, বিদ্যুৎ, ইন্টারনেট বিল পরিশোধ করতে এবং এমনকি আমার মেয়ের জন্য স্কুলের ইউনিফর্ম কিনতে আমাকে সক্ষম করেছিল।"***


*- Elvia (এলভিয়া)*

## 2. সম্প্রদায়ের প্রথম পদক্ষেপ


EWF আইন পাস হওয়ার পর, DOL, Fund Excluded Workers Coalition (তহবিল থেকে বঞ্চিত শ্রমিক জোট) এবং প্রবাসীদের পরিষেবা দেয় এরকম অন্যান্য সরকারি সংস্থার প্রতিনিধিদের সাথে ঘনিষ্ঠভাবে অংশীদারিত্ব শুরু করে। DOL-এর জন্য, এটি বাস্তবায়নের একটি মূল লক্ষ্য ছিল "কমিউনিটিস ফার্স্ট" পদক্ষেপ, যা এই গোষ্ঠীগুলির প্রয়োজনীয় সহযোগিতা দানের সাথে জড়িত ছিল, তাই যাতে নিশ্চিত করা যায় যে, প্রোগ্রামটি যে সম্প্রদায়কে সুবিধা দিতে চায়, সেই সম্প্রদায়ের চাহিদা পূরণের জন্যই অনন্যভাবে তৈরি করা হয়েছে। এই পদ্ধতিটি অ্যাডভোকেটদের কাছ থেকে সমালোচনামূলক প্রতিক্রিয়াও প্রদান করেছে যার ফলে অনুমোদিত যোগ্য নিউ ইয়র্ক-বাসীদের কাছে অর্থ আরও দক্ষতার সাথে বিতরণ করা সম্ভব হয়েছে।

সম্প্রদায়-ভিত্তিক সংস্থা (community-based organizations-CBOs)গুলি প্রায়শই প্রভাবিত সম্প্রদায়গুলিকে সহায়তা করার জন্য সবচেয়ে উপযুক্ত কী তা বোঝার চেষ্টা করে, DOL, Excluded Workers Fund Outreach and Assistance Program প্রোগ্রামও তৈরি করেছে যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে 75টি CBO-কে $16 মিলিয়নের বেশি অনুদান তহবিল প্রদান করেছে।

প্রোগ্রামের অধীনে, CBO-এর সাথে DOL-এর অর্থায়ন অংশীদারিত্বের প্রভাব ছিল যথেষ্ট। প্রতিটি CBO $50,000 থেকে $300,000 -এর মধ্যে সরাসরি EWF আবেদনকৃত সহায়তা, শিক্ষা, প্রশিক্ষণ এবং সম্পর্কিত পরিষেবা প্রদানের জন্য তহবিল পেয়েছে। CBO-গুলি যারা তহবিল পেয়েছে তাদের EWF-এর জন্য অনুমোদিত যোগ্য মানুষদের সাথে কাজ করার অভিজ্ঞতা ছিল; প্রাসঙ্গিক ভাষায় সাবলীলভাবে কথা বলার, পড়তে পারা এবং লেখার ক্ষমতা ছিল; এবং অন্যান্য সম্প্রদায়ের সাথে জড়িত বিষয়বস্তু এবং স্বেচ্ছাসেবিতভাবে-চালিত প্রচেষ্টার অভিজ্ঞতা ছিল EWF আউটরিচ অ্যান্ড অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (EWF Outreach and Assistance Program)-এর মাধ্যমে অনেক CBO প্রথমবারের মতো স্টেটের থেকে অর্থ-সাহায্য পেয়েছে।




Estimated Impressions; Number of persons who viewed each campaign





*DOL প্রোগ্রাম সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য একটি সুদূরপ্রসারী প্রচারণা শুরু করেছে, যেহেতু এটি স্কেল এবং সুযোগের দিক থেকে এই ধরনের-পদক্ষেপের-প্রথম-তহবিল। এর মধ্যে সোশ্যাল মিডিয়া মেসেজিং, ব্যক্তিগতভাবে তৃণমূল-স্তরের লোকেদের জানানোর কর্মসূচি, টিভি, রেডিও এবং প্রিন্ট প্রকাশনায় ঐতিহ্যবাহী বিজ্ঞাপন, সেইসাথে নিউ ইয়র্ক মেট্রোপলিটন এলাকার সাবওয়ে এবং বাসগুলিতে লক্ষ্যযুক্ত বিপণন প্রচেষ্টা অন্তর্ভুক্ত ছিল। এই তালিকাটি প্রচারাভিযানের প্রতিটি উপাদান দ্বারা পৌঁছানো লোকের সংখ্যার অনুমান প্রদান করে।*

## 3. প্রধান স্টেকহোল্ডারদের সাথে অংশীদারিত্ব

DOL-এর কমিউনিটি ফার্স্ট পদক্ষেপের অংশ হিসাবে, সমগ্র নিউইয়র্ক স্টেটের অংশীদাররা অ্যাপ্লিকেশন সহ প্রোগ্রামের সমস্ত দিকগুলিতে প্রয়োজনীয় পদক্ষেপ প্রদান করেছে এবং প্রবিধান তৈরিতে সহায়তা করেছে যেগুলি প্রয়োগের ফলে প্রোগ্রামের বাধাগুলি উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। DOL নিয়মিতভাবে স্টেট-ব্যাপী সম্প্রদায়ের অংশীদারদের সাথে দেখা করে, যার মধ্যে Fund Excluded Workers Coalition(ফান্ড এক্সক্লুডেড ওয়ার্কার্স কোয়ালিশন)-এর প্রতিনিধি নিয়োগ করেছে, যাতে প্রোগ্রামটি যে সম্প্রদায়গুলিকে উপকৃত করতে চায় তাদের চাহিদা পূরণ করছে এই বিষয়টিতে নিশ্চিত হতে পারে। সংস্থাটি যে-সব অংশীদারের সাথে জড়িত তাদের মধ্যে, DOL ফান্ড এক্সক্লুডেড ওয়ার্কার্স কোয়ালিশন (Fund Excluded Workers Coalition)-এর নিম্নলিখিত পরিচলন কমিটি সংগঠনগুলির সাথে ব্যাপকভাবে কাজ করতে পেরে গর্বিত:

- কমিউনিটি রিসোর্স সেন্টার (Community Resource Center)
- ফিসকাল পলিসি ইনস্টিটিউট (Fiscal Policy Institute)
- মেক দ্য রোড NY (Make the Road NY)
- ন্যাশনাল ডে লেবর অর্গানাইজিং নেটওয়ার্ক (National Day Labor Organizing Network)
- নিউ ইয়র্ক কমিউনিটিস ফর চেঞ্জ (New York Communities for Change)
- নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন (New York Immigration Coalition)
- খুচরো, পাইকারি, এবং ডিপার্টমেন্ট স্টোর ইউনিয়ন (Department Store Union)
- আরবান জাস্টিস সেন্টার (Urban Justice Center)
- ওয়ার্কার জাস্টিস সেন্টার অফ NY (Worker Justice Center of NY)






***"আমি আবেদন করতে সক্ষম হয়েছি এবং এটি একটি অসাধারণ সাহায্য পেয়েছি। তারা আমার কাজের ঘন্টা কমানোর পরে, আমি আমার জীবনযাত্রা চালানোর প্রয়োজনীয় খরচগুলিও জোগাতে পারিনি। কিন্তু এই শক্তিশালী লড়াইয়ের পর, অবশেষে আমরা জিততে পেরেছি। যারা লড়াই করেছেন তাদের সবাইকে ধন্যবাদ।"***

*- Yuriana (ইউরিয়ানা)*

# 4. উদ্ভাবনী প্রযুক্তিগত সমাধান

Google, Nuvalence, এবং Blackhawk Network-এর সাথে অংশীদারিত্বে, DOL একটি মোবাইল-এ ব্যবহৃত অ্যাপ্লিকেশনের ডিজাইন করতে সর্বোচ্চ-স্তরের-সাধারণ-উন্নয়ন প্রযুক্তি ব্যবহার করেছে: 13টি ভিন্ন ভাষায় অনলাইনে 24/7 আবেদন করতে, তাদের আবেদনের স্থিতি পরীক্ষা করতে, টেক্সট মেসেজ বা ইমেলের মাধ্যমে নিয়মিত আপডেট পেতে, নথি আপলোড করতে এবং অনুমোদিত হওয়ার পরে মেলে প্রি-পেইড পেমেন্ট কার্ড পেতে।

উপলব্ধ ভাষাগুলির মধ্যে রয়েছে ইংরেজি, আরবি, বাংলা, চীনা, ফরাসি, হাইতিয়ান ক্রেওল, ইতালীয়, কোরিয়ান, পোলিশ, রাশিয়ান, স্প্যানিশ, উর্দু এবং ইদ্দিশ।

Google-এর সাহায্যে একটি আধুনিক স্কেলযোগ্য ক্লাউড ডিজাইন করা সম্ভব হয়েছে যা প্রক্রিয়াকরণকে সরল করে এবং বেশি পরিমাণে জিনিস সঞ্চিতকরণের চাহিদা পূরণে সহায়তা করে।

Nuvalence একটি আধুনিক, সহজে ব্যবহার-সুলভ অ্যাপ্লিকেশন তৈরি করেছে যা আবেদনকারীদের ডিভাইসের ক্যামেরা ব্যবহার করে তাদের মোবাইল ডিভাইস থেকে সরাসরি নথি আপলোড করতে দেয়। অ্যাপ্লিকেশনটি এরকম ব্যক্তিদের সাহায্য করার জন্য ডিজাইন করা হয়েছে যাদের হয়তো তাদের সমস্ত নথি প্রস্তুত ছিল না কিন্তু তারা এটি প্রস্তুত করতে সুবিধা পেতে চায়। একজন আবেদনকারী প্রতিটি পৃষ্ঠা সম্পূর্ণ করার পরে, তাদের আবেদন স্বয়ংক্রিয়ভাবে সংরক্ষিত হয় যাতে তারা প্রশ্নের উত্তর শেষ করতে বা নথি আপলোড করতে ফিরে আসতে পারে। আবেদনকারীরা তাদের পছন্দের যোগাযোগের পদ্ধতি বেছে নিতে পারে – টেক্সট মেসেজ বা ইমেল – এবং তাদের আবেদনের স্থিতি পরিবর্তনের সময় তাদের পছন্দের ভাষায় একটি বিজ্ঞপ্তি পেতে পারে।

গ্রাহক পরিষেবার দিক থেকে, Google-এর কল সেন্টার AI (CCAI) এবং চ্যাটবট সলিউশন কোনো এজেন্টের সাথে কথা বলার অপেক্ষা না করিয়েই আবেদনকারীদের তাদের পছন্দের ভাষায়, একদম-সেই সময়ের অ্যাপ্লিকেশন স্ট্যাটাস আপডেট সহ প্রোগ্রামের গুরুত্বপূর্ণ তথ্য পেতে দেয়।

স্টেট-ব্যাপী কয়েক হাজার অনুমোদন যোগ্য নিউ ইয়র্ক-বাসীকে উপকৃত করে এরকম একটি উল্লেখযোগ্যভাবে দক্ষ পর্যালোচনা এবং অর্থপ্রদানের প্রক্রিয়ার সাথে Excluded Workers Fund-এর অভূতপূর্ব প্রতিক্রিয়ার পরিপ্রেক্ষিতে, DOL 8 অক্টোবর, 2021 তারিখের 7:30 p.m. থেকে কার্যকরী নতুন আবেদনগুলি গ্রহণ করা বন্ধ করে দিয়েছে।

### কল সেন্টার AI (Call Center AI-CCAI)

আবেদনকারী বা সম্ভাব্য আবেদনকারীদের তথ্য এবং স্ট্যাটাস আপডেট পাওয়ার জন্য নমনীয়তা প্রদান করে, সেইসাথে যোগাযোগের অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী প্রদান করে, যার ফলে ঐ প্রকৃত-সময়ে সহায়তা প্রদানের মাধ্যমে অপারেশনাল কল সেন্টার-এর লোড হ্রাস করা হয়।

### ডেটা ড্যাশবোর্ড

সাধারণ জনগণ, আইনজীবী এবং সরকারী কর্মকর্তাদের ঐ প্রকৃত-সময়ে প্রোগ্রামের তথ্য জানার ক্ষমতা প্রদান করে, যেমন সুবিধামত **EWF** ওয়েবসাইট থেকে মোট অনুমোদিত দাবি এবং তহবিল বিতরণ করা।

### AI নথিপত্র


এটি প্রোগ্রামটিকে এরকম নথিগুলি শনাক্ত করার ক্ষমতা প্রদান করে যা আবেদনকারীরা সরাসরি আবেদনপত্রে আপলোড করেছে এবং সেগুলির সত্যতা যাচাই করতে সেই নথিগুলিতে থাকা বিভিন্ন তথ্য উপাদানগুলি স্বয়ংক্রিয়ভাবে বিশ্লেষণ করে।

## **5.** AN -এর অ্যাপ্লিকেশন ফাইল করা

যখন 1 আগস্ট, 2021 তারিখে অ্যাপ্লিকেশনটি চালু করা হয়েছিল, তখন আবেদনকারীরা DOL-এর অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে 24/7 অনলাইনে আবেদন করতে সক্ষম হয়েছিল। আবেদনকারীরা 24 থেকে 48 ঘন্টার মধ্যে DOL-এর 600 জন ব্যক্তি-নিয়ে গঠিত বহুভাষিক কল সেন্টার থেকে একটি লাইভ প্রতিনিধির সাথে কথা বলতে পারেন যা সপ্তাহে ছয় দিন, কাজের দিনগুলিতে 7 a.m. থেকে 7 p.m. পর্যন্ত উপলব্ধ থাকে এবং শনিবারে সকাল 9 a.m. থেক 5 p.m. পর্যন্ত উপলব্ধ থাকে। আবেদনপত্র এবং একটি FAQ নথি DOL-এর ওয়েবসাইটে 13টি ভিন্ন ভাষায় উপলব্ধ ছিল।

DOL-এর ওয়েবসাইটের মাধ্যমে, আবেদনকারীরা যে আবেদনে সহায়তা চাইছেন তারা 75টি অংশীদার সংস্থার তালিকা থেকে তাদের ভাষায় পরিষেবা প্রদানকারী স্থানীয় CBO-এর জন্যও অনুসন্ধান করতে পারেন।


আবেদনকারীদের তাদের পছন্দের ভাষায় টেক্সট মেসেজ বা ইমেল আপডেটের জন্য সাইন আপ করার সুযোগ ছিল, যেটি তাদের আবেদন প্রক্রিয়াকরণের সময় আপডেট প্রদানের জন্য ব্যবহার করা হয়েছিল। অনুমোদিত আবেদনকারীরা তাদের আবেদন পত্রে উল্লিখিত প্রদত্ত ঠিকানায় একটি প্রিপেইড কার্ড চিঠির মাধ্যমে পেয়েছিলেন। কার্ডধারীরা নগদ উত্তোলনের জন্য EWF কার্ড ব্যবহার করতে সক্ষম ছিলেন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সব জায়গাতেই বিক্রেতাদের কাছে Visa® ডেবিট কার্ড গ্রহণীয় ছিল।



# 6. অ্যাপ্লিকেশনের প্রক্রিয়াকরণ

### A. আবেদনের পর্যালোচনা এবং পরিণতি

DOL একটি সুবিন্যস্ত আবেদন পর্যালোচনা প্রক্রিয়া বাস্তবায়ন করেছে যা কার্যকরীভাবে বৈধ দাবিগুলি প্রক্রিয়া করার সময় প্রতারণামূলক দাবীগুলির সাথে মোকাবেলা করার ডিজাইন করা হয়েছে৷ তহবিল 350,000 -এরও বেশি আবেদন গ্রহণ করেছে৷ বিতরণের জন্য উপলব্ধ তহবিলের উপর ভিত্তি করে, DOL 128,000টিরও বেশি আবেদনের জন্য অর্থায়ন করতে সক্ষম হয়েছিল। যেগুলিকে অস্বীকার করা হয়েছিল, তার মধ্যে 88% প্রতারণামূলক বলে সন্দেহ করা হয়েছিল বা তারা অন্যান্য সুবিধা পায় বা নকল আবেদন ছিল বলে গণ্য করা হয়েছিল৷ দ্রষ্টব্য: তহবিলের অভাবের কারণে প্রত্যাখ্যান করা দাবিগুলি বিশ্লেষণের অন্তর্ভুক্ত নয়। এখানে সবচেয়ে সাধারণ কারণগুলির মধ্যে আরও একটি কারণ রয়েছে যার জন্য অ্যাপ্লিকেশনগুলিকে অস্বীকার করা হয়েছিল:




*"নকল আবেদন" -এর বেশিরভাগ ক্ষেত্রে, EWF আবেদনকারীরা অসাবধানতাবশত তাদের বর্তমান আবেদনটি ব্যবহার করার পরিবর্তে একটি নতুন আবেদন শুরু করে৷ এর প্রতিক্রিয়া হিসাবে, DOL আবেদনের ক্ষেত্রে একটি বিস্তারিত ব্যাখা বাস্তবায়ন করতে সক্ষম হয়েছিল যা প্রত্যাবর্তনকারী আবেদনকারীদের একটি নতুন আবেদন জমা দেওয়া এড়াতে বিষয়টিকে পরিষ্কার করে দিয়েছিল।*

DOL একটি আপিল প্রক্রিয়া বাস্তবায়ন করেছে যা প্রত্যাখানের ক্ষেত্রে একটি উচ্চতর পর্যালোচনা প্রদান করে৷ একটি প্রত্যাখ্যানের বিজ্ঞপ্তি পাওয়ার পরে যেখানে একজন আবেদনকারীর কাছে 7 দিনের মধ্যে একটি আপিল করার সুযোগ ছিল৷ আপিল করার পর, আবেদনকারীদের আপিল প্রক্রিয়া সম্পূর্ণ করার প্রয়োজন হলে তথ্য প্রদানের জন্য অতিরিক্ত 7 দিন সময় দেওয়া হয়েছিল৷ আনুমানিক 25% আপিল অনুমোদিত হয়েছিল৷

### B. প্রতারণার হাত থেকে EWF-কে রক্ষা করা


প্রতারণার হাত থেকে করদাতার অর্থ রক্ষা করা DOL-এর জন্য একটি শীর্ষ অগ্রাধিকার ছিল, বিশেষ করে অতিমারি জুড়ে বেকারত্ব বীমার অর্থ-এর সাথে প্রতারণা হওয়ার বিপুল পরিমাণ প্রচেষ্টার পটভূমিতে৷ DOL প্রতারণার বিরুদ্ধে সুরক্ষার গ্রহণের জন্য ব্যাপক ব্যবস্থা গ্রহণ করেছে, যার মধ্যে রয়েছে অত্যাধুনিক নিরাপত্তা ব্যবস্থা যেমন জিওফেন্সিং এবং কর হারের সীমা স্থাপন করা যাতে মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে থাকা ব্যক্তিরা এই সুবিধার জন্য আবেদন করার চেষ্টা না করতে পারে এবং সিস্টেমের বিরুদ্ধে কৃত্রিম বুদ্ধিমত্তা-চালিত আক্রমণ করাও যাতে সম্ভব না হয়৷

Google-এর সাথে তার অংশীদারিত্বের মাধ্যমে, DOL অত্যাধুনিক প্রতারণা শনাক্তকরণ প্রক্রিয়াগুলির একটি বিস্তৃত উন্নীত পরিকাঠাম তৈরি করতে এবং তা প্রয়োগ করতে সক্ষম হয়েছিল - উদাহরণস্বরূপ, একই সার্চ ইঞ্জিনগুলির ক্ষেত্রে - ড্রাইভিং লাইসেন্স বা এগোনোর জন্য আইটিআইএন (ITIN) নম্বরগুলি-এর মত সাধারণ প্রদত্ত তথ্যগুলি থেকে বারংবার ব্যবহৃত একই তথ্যগুলি শনাক্ত করে তাদের আবেদন করা থেকে প্রতিরোধ করতে৷ প্রতারণার সূচকগুলির উপস্থিতির উপর ভিত্তি করে প্রতিটি আবেদনকে একটি "কনফিডেন্স স্কোর" দেওয়া হয়েছিল, যা বিচারকদের এই তথ্যে এমনভাবে অ্যাক্সেস করতে সক্ষম করে যা প্রক্রিয়া করা সহজ ছিল৷

উপরন্তু, প্রোগ্রামের যোগ্যতার প্রয়োজনীয়তাগুলির সাথে সম্পর্কিত আবেদনকারীদের পরিচয় এবং লেনদেনের ইতিহাস যাচাই করতে সক্ষম হওয়ার জন্য DOL অন্যান্য বিভিন্ন সংস্থার সাথে "ক্রস-চেক" সম্পাদন করেছে৷ অবশেষে, অত্যন্ত সুরক্ষিত প্রি-পেইড ডেবিট কার্ড ইস্যু করার মাধ্যমে যা শুধুমাত্র NYS ঠিকানায় পাঠানো যেতে পারে এবং সক্রিয় করার জন্য একটি অনন্য পিন কোডের প্রয়োজন, DOL নিশ্চিত করতে সক্ষম হয়েছিল যে তহবিল সরাসরি বৈধ আবেদনকারীদের কাছেই পৌঁছায় এবং অন্যান্য রাজ্য বা দেশে থাকাকালীন ইলেকট্রনিকভাবে অর্থ অপসারণ করা থেকে বিরত থাকে৷



## C. জমা দেওয়া নথিপত্র




জমা দেওয়া সবচেয়ে সাধারণ নথিগুলি হল NYS ড্রাইভিং লাইসেন্স, স্টেট ট্যাক্স ফাইলিং বা ITIN এর প্রমাণ, বিদেশী পাসপোর্ট, ব্যাঙ্ক স্টেটমেন্ট, IDNYC এবং ইউটিলিটি বিল। কয়েক হাজার আবেদনকারী আবেদনে একটি দ্রুত "কর জমাকারী পথ" -এর মাধ্যমে কাজের যোগ্যতা প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছিল যেটি DOL এবং ডিপার্টমেন্ট অফ ট্যাক্স অ্যান্ড ফাইন্যান্স (Department of Tax and Finance)-এর মধ্যে একটি ক্রস-ম্যাচ ব্যবহার করেছিল যে আবেদনকারী প্রকৃতপক্ষে গত তিন বছরের যে কোনো এক বছরে স্টেট কর দাখিল করেছেন।


DOL সমগ্র প্রোগ্রাম জুড়ে NYC মেয়রের ইমিগ্র্যান্ট অ্যাফেয়ার্স (Immigrant Affairs)-এর অফিসের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছে, যে সংস্থা IDNYC পরিচালনা করে।

এইভাবে, তারা এই প্রোগ্রাম সম্পর্কে অবহিত করে এক মিলিয়নেরও বেশি IDNYC কার্ডধারীদের কাছে লক্ষ্য অনুসারে যোগাযোগ সূত্র পাঠিয়েছে। DOL শহরের নীতির সাথে সামঞ্জস্য রেখে আতিমারি জুড়ে মেয়াদোত্তীর্ণ IDNYC-কে গ্রহণ করার নীতিও গ্রহণ করেছে।


অবশেষে, স্টেটের আইনসভার একটি 20 বছরের পুরানো নীতি অপ্রত্যাশিতভাবে পাল্টে দেওয়া হয় যা প্রবাসীদের স্টেট দ্বারা-ইস্যু করা ড্রাইভিং লাইসেন্স এবং নন-ড্রাইভার আইডি অ্যাক্সেস থেকে বাদ দেওয়া কয়েক হাজার EWF আবেদনকারীদের অনুমতি দেওয়ার জন্য গুরুত্বপূর্ণ ছিল যারা আগে তহবিল অ্যাক্সেস করার জন্য নিজেদের পরিচয় প্রতিষ্ঠা করতে সক্ষম হতো না।

# 7. প্রধান তথ্যগত বিষয়

অ্যাপ্লিকেশানগুলি দ্বারা অনুমোদিত 10টি জিপ কোড




আবেদন দ্বারা অনুমোদিত শীর্ষ 10টি কাউন্টি




তহবিল সম্পর্কে জনসাধারণকে স্বচ্ছতা প্রদানের একটি চলমান প্রচেষ্টায়, DOL একটি অ্যাপ্লিকেশন বিশ্লেষণ সম্বলিত ড্যাশবোর্ড তৈরি করেছে, যা সেই সময়ে আপডেট করা হয়েছিল এবং NYS ডিপার্টমেন্ট অফ লেবার (NYS Department of Labor) ওয়েবসাইটে এখানে 24/7 উপলব্ধ: dol.ny.gov/excluded-workers-fund-data

নিম্নলিখিত প্রধান তথ্যগত কিছু বিষয়

a. 350,000 টিরও বেশি আবেদন জমা দেওয়া হয়েছিল এবং 128,000 টিরও বেশি আবেদন সুবিধা পাওয়ার জন্য অনুমোদিত হয়েছিল।

b. তহবিলের সম্পূর্ণ $2 বিলিয়ন ডলার 1 নভেম্বরের মধ্যে অর্থপ্রদানের জন্য বাধ্য ছিল।

c. অনুমোদিত আবেদনগুলির মধ্যে, দুটি সর্বাধিক সাধারণ ইংরেজি-বহির্ভূত ভাষা ছিল স্প্যানিশ (42%) এবং চীনা (5%)।

d. আরবি, বাংলা, ফরাসি, হাইতিয়ান ক্রেওল, ইতালীয়, কোরিয়ান, পোলিশ, রাশিয়ান, উর্দু এবং য়িদ্দিশ ভাষায়ও আবেদন গৃহীত হয়েছে।

e. অনুমোদিত শ্রমিকদের মধ্যে 33% ছিল 30 থেকে 39 বছর বয়সী।





# ৪. নিউ ইয়র্ক-বাসীদের থেকে সংগৃহীত অতিরিক্ত গল্প

Excluded Workers Fund-এর প্রভাব জানাতে সাহায্য করার জন্য, আমরা সারা স্টেট জুড়ে এরকম লোকদের থেকে অসম্পাদিত প্রশংসাপত্র অন্তর্ভুক্ত করেছি যারা সরাসরি প্রোগ্রাম থেকে উপকৃত হয়েছেন। তাদের গোপনীয়তার প্রতি সম্মান দেখিয়ে, আমরা তাদের পুরো নাম সংশোধন করেছি।

### Anel (অ্যানেল)

আমার নাম Anel (অ্যানেল), আমি মূলত মেক্সিকো থেকে এসেছি এবং 23 বছরেরও বেশি সময় ধরে এই দেশে আছি। এটি (EWF) হল একটি আশীর্বাদ কারণ প্রথমবার আমাদের কথা ভেবে বিবেচনা করা হয়েছে এবং এটি আমাকে দারুণভাবে সাহায্য করেছে। আমি নিউ ইয়র্ক স্টেটের গভর্নর এবং আইনপ্রণেতাদের ধন্যবাদ জানাতে চাই যারা এই প্রস্তাবটি গ্রহণ করেছেন এবং বেশিরভাগ সংস্থাকে যারা সবসময় এত কঠোর পরিশ্রম করেছে এবং প্রবাসীদের জন্য লড়াই করেছে এবং যারা আমাদের বাদ না পড়ে যাওয়াকে সম্ভব করেছে। বিশেষ করে শীতের মাসগুলিতে যখন এটি আরও কঠিন হয় তখন এটি আমাদেরকে দুর্দান্ত সাহায্য করেছে। এই তহবিল আমাদের খাদ্য সরবরাহ করা এবং তেল, গ্যাস ও বিদ্যুতের মতো কিছু পরিষেবার জন্য আমাদের অর্থ প্রদানের মাধ্যমে ব্যাপকভাবে সাহায্য করতে চলেছে। অসংখ্য ধন্যবাদ।

### Raymundo (রেমুন্ডো)

আমি U.S.-এ গিয়েছিলাম, আমার স্ত্রী এবং দুই সন্তানকে সৌদি আরবে রেখে তাদের একটি ভাল ভবিষ্যতের জন্য কাজ করতে। আমি কেবল অর্থ উপার্জন এবং সঞ্চয় করার জন্য আমার পরিবার থেকে বিচ্ছিন্ন হওয়ার হৃদয় বিদারক যন্ত্রনা সহ্য করেছি। কিন্তু যখন অতিমারি আঘাত হানে, তখন আমার পূর্ণ-সময়ের কাজটি খণ্ডকালীন হয়ে যায় এবং আমাকে শুধুমাত্র বেঁচে থাকার জন্য আমার পরিবারের জন্য যে অর্থ সঞ্চয় করেছিলাম তা ব্যবহার করতে হয়েছিল। যখন আমি EWF সম্পর্কে শুনলাম, তখন আমার বাঁচার আশা আবার জেগে উঠলো হল এবং আমি সাগ্রহে আবেদন করলাম। যখন আমাকে অতিরিক্ত নথি চাওয়া হয়েছিল, তখন দমায়ান প্রবাসী শ্রমিক সমিতি (Damayan Migrant Workers Association) আমাকে সাহায্য করার জন্য সেখানে উপস্থিত ছিল। এর কিছুদিন পরেই, আমি অনুমোদন পেলাম। আমি এখন খুব খুশি! EWF মানে আমার কাছে শুধুমাত্র আর্থিক সাহায্যের চেয়েও অনেক বেশি কিছু। অর্থাৎ আমি অবশেষে আমার ইউ ভিসা কেসে আমার আইনিভাবে প্রতিনিধিত্বের জন্য অর্থ প্রদান করতে পারি, যার মানে হল আমি অবশেষে এখানে বৈধভাবে থাকার এবং আরও বেশি অর্থ-উপার্জনের কাজ খুঁজে পাওয়ার উপায় পেতে পারি। এর অর্থ হল আমার আরও বেশি উপার্জন করার আরও ভাল সুযোগ রয়েছে যাতে আমি অবশেষে আমার সন্তানদের ভবিষ্যত সুরক্ষিত করতে পারি এবং আমার স্ত্রী এবং সন্তানদের সাথে পুনরায় দেখা করতে পারি। EWF আমাকে আমার ত্যাগের মূল্য পেতে সাহায্য করেছে।

**Mercedes (মার্সিডিজ)**

অতিমারি আসার আগে, আমি ফিলিপাইনে আমার অসুস্থ স্বামী এবং ছয় সন্তানকে অর্থ সাহায্য করতাম। যখন অতিমারির জন্য আমরা লকডাউনে ছিলাম, আমি আমার চাকরিটা হারিয়েছিলাম। বাড়ি ফিরে পরিবারকে বলতে পারিনি। আমি বেঁচে থাকার জন্য যে কোনো কাজ করার চেষ্টা করেছি। এখন, EWF আমাকে আমার স্বামীর জন্য ব্যয়বহুল ওষুধগুলি কিনতে, ফিলিপাইনে আমাদের বাড়ি মেরামত করতে এবং এমনকি একজন প্রাক্তন সহকর্মীকে আর্থিক সহায়তা করতেও সাহায্য করেছে যিনি COVID-19 -এ অসুস্থ হয়ে পড়েছিলেন। আমি আর উদ্বেগ নিয়ে নয়, কৃতজ্ঞতার সাথে বেঁচে আছি।

**D. R. (ডি. আর.)**

আমি বাড়িতে রান্না করতাম এবং ভাল ব্যবসা করছিলাম। কিন্তু তারপর COVID আঘাত হানে এবং আমি প্রতি সপ্তাহে $20 উপার্জন করতাম। কিছু সপ্তাহ কিছুই উপার্জন করতাম না। এই ছিল আমাদের জীবন। যখন আমি প্রথম EWF সম্পর্কে শুনেছিলাম তখন আমি ভাবিনি এটি সম্ভব, কিন্তু এখন আমি এটি নিয়ে আশাপ্রদ। আমি আমার মেয়েকে ডেকে বললাম "আমরা পেয়েছি!" সে বলল, "কত?" এবং আমি বললাম “$15,000।” সে এটা বিশ্বাসই করতে পারছিলনা। গত তিন বছরে আমাদের দুবার উচ্ছেদ করা হয়েছে, সম্প্রতি মাত্র এক মাস আগেও। তবে এটাই শেষ বার। এটা আর কখনও ঘটবে না। আমি নিজেকে বলেছিলাম যে যদি আমরা টাকা পাই, তবে এটি একটি বাড়ির ডাউন পেমেন্টের জন্য রাখব।

**K. G. (কে. জি.)**

আমি চাপাকুয়ায় একটি পরিবারের জন্য আয়া হিসেবে কাজ করি। এটি একটি পূর্ণ-সময়ের কাজ যেখানে আমি দুটি সন্তানের যত্ন নিই। যখন আমি কাজ হারিয়েছিলাম, আমার স্বামী এবং আমার অনেক ঋণ জমে গেছিল। এই টাকা দিয়ে আমরা আমাদের ক্রেডিট কার্ডের বিল পরিশোধ করতে পারি। আমরা একটি ছোট স্টুডিওতে বসবাস করি কিন্তু এখন আমরা আরও ভাল আবাসন বিকল্পগুলি সন্ধান করা শুরু করতে পারি। আমাদের আরও জায়গা দরকার কারণ আমরা একটি পরিবার শুরু করতে চাই এবং আমাদের বর্তমান স্টুডিওতে পর্যাপ্ত জায়গা নেই। আমরা যদি সহায়তা না পেতাম, তবে আমাদের এখান থেকে কোথাও যাওয়ারও বিকল্প থাকবে না এবং একই জায়গায় দীর্ঘ সময়ের জন্য আটকে থাকব।



***“আমি আমার পরিবারের জন্য বিদ্যুৎ, গ্যাস, ভাড়া এবং খাবারের জন্য অর্থ প্রদান করতে না পারার মানসিক চাপে ভয়ানক কষ্টে কাটিয়েছি। তহবিলটি আমার পুরো পরিবারের জন্য একটি স্বস্তি ছিল এবং এটি আমার স্বাস্থ্যকে খারাপ হওয়া থেকে বাঁচিয়েছে।"***

*- Pedro (পেড্রো)*

### Neftali (নেফতালি)

Excluded Workers Fund আমাকে অতিমারি চলাকালীন আমার সঞ্চিত ঋণ পরিশোধ করতে সাহায্য করেছে। আমি আমার ভাড়া পরিশোধ করতে পেরেছিলাম এবং আমার বাড়িতে থাকতে পেরেছিলাম।

### Norman (নরম্যান)


তহবিল দিয়ে, আমি অতিমারি চলাকালীন সঞ্চিত ঋণ পরিশোধ করার এবং আমার মেয়ের জন্য একটি নতুন বিছানা কেনার পরিকল্পনা করছি।

### Rosanna (রোসানা)

তহবিল অতিমারির ফলে সৃষ্ট অনেক আর্থিক সমস্যা সমাধানে সহায়তা করেছে। যেহেতু আমরা অন্য কোন সাহায্য পাইনি, তাই সবচেয়ে বড় সমস্যা ছিল দেরিতে ভাড়া প্রদানের জন্য দেওয়া অতিরিক্ত অর্থ জোগার করা। $2,000-এর বেশি ভাড়া এখন পরিশোধ করা হয়েছে, আমরা এখন স্বস্তি এবং নিরাপদ বোধ করি যে আমাদের মাথার উপর একটি ছাদ রয়েছে। আমার স্বামী এবং আমি কম চাপ অনুভব করি এবং ব্যক্তিগতভাবে, আমরা বিশ্বাস করি যে তহবিল আমাদের বেঁচে থাকতে সাহায্য করেছে। আমরা মনে করি যে আমরা আমাদের জীবনে ফিরে এসেছি, এবং এর জন্য আমি খুব কৃতজ্ঞ।

### TC (টিসি)

উপার্জন হারানো আমাকে এমন একটি পরিস্থিতিতে এনে দিয়েছে যেখানে আমি এবং আমার পরিবার পাঁচ বছরের বেশি সময় ধরে ছিলাম না। এটা ভয়ঙ্কর ছিল, এবং কখন উচ্ছেদ ও বন্ধের নোটিশ আমাদের দরজায় এসে উপস্থিত হবে এটা ভাবা থেকে আমি নিজেকে আটকাতে পারতাম না। আমরা আমাদের বিল পরিশোধ করতে পারিনি এবং আমাদের ফোন ও ইন্টারনেটকে অগ্রাধিকার দিতে হয়েছিল যেহেতু আমার বোনেরা এখনও স্কুলে পড়ে। বাকি সব কিছুই বকেয়া হয়ে গিয়েছিল। এই অর্থ প্রাপ্তি ব্যাপকভাবে সাহায্য করেছে।



একজন Excluded Workers Fund প্রাপক, Sara (সারা)-এর থেকে গেছে, অতিমারি চলাকালীন EWF-এর সুবিধাগুলি কীভাবে তার পরিবারের সংগ্রামের মোড় ঘুরিয়ে দিয়েছে। আমরা কলম্বিয়া কাউন্টি অভয়ারণ্য আন্দোলনের পরিচালক Diana Cruz (ডায়না ক্রুজ)-এর কাছ থেকেও শুনেছি, কর্মীদের তাদের আবেদন জমা দিতে এবং অনুমোদন পেতে সহায়তা করার অভিজ্ঞতা সম্পর্কে।

Sara (সারা)-র সাক্ষাৎকার: on.ny.gov/ewfsara

Diana(ডায়না)-র সাক্ষাৎকার: on.ny.gov/ewfdiana

## 9. আলোচ্য প্রধান বিষয়গুলি

- EWF প্রোগ্রাম দ্রুত বাস্তবায়ন এবং কার্যকর করা হয়েছে।
- আবেদন প্রক্রিয়াটি দক্ষ, সহজে ব্যবহার-সুলভ এবং দ্রুত ছিল। আবেদনপত্রটি 13টি ভাষায় উপলব্ধ ছিল এবং আবেদনকারীরা তাদের স্মার্ট ফোন থেকে সহজেই আবেদন করতে পারতেন।
- এই ত্রাণ তহবিলের ফলে সরাসরি 128,000 টিরও বেশি নিউ ইয়র্ক-বাসীর জীবন ইতিবাচক এবং অর্থপূর্ণভাবে প্রভাবিত হয়েছে।
- প্রাথমিকভাবে প্রত্যাশিত অনুমানের তুলনায় অনেক বেশি ব্যক্তি, আনুমানিক 99%, টিয়ার 1 ($15,600) তহবিল-এর জন্য যোগ্য অনুমোদিত হয়েছেন এবং পেয়েছেন।
- CBO অংশীদাররা তাদের প্রদত্ত সরাসরি আবেদনে সহায়তা করা, শিক্ষা এবং প্রশিক্ষণের মাধ্যমে EWF সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ অংশ ছিল।
- তহবিলের সুবিধাভোগী, যাদের মধ্যে অনেকেই আগে সরকারি সংস্থার প্রতি ভীত বা সন্দিহান ছিল, তারা স্টেটের সরকারের প্রতি বিশ্বাস ও আস্থা অর্জন করেছে।

## উপসংহার:

COVID-19 অতিমারি থেকে পুনঃসংস্কার ও পুনরুদ্ধারের জন্য নিউইয়র্কের প্রচেষ্টাকে সমর্থন জানাতে Excluded Workers Fund -- প্রথম আবেদনের তিন মাসের মধ্যে --কয়েক হাজার নিউ ইয়র্কবাসীকে $2 বিলিয়ন অর্থ বিতরণ করেছে। এই ধরনের-পদক্ষেপে এই প্রথম-তহবিলটি সারা দেশে স্থানীয় এবং রাজ্য সরকারের জন্য একটি মডেল হিসাবে ব্যবহার করা উচিত, যার মধ্যে কয়েকটি ইতিমধ্যে নিউইয়র্কের প্রচেষ্টার প্রতিলিপি করেছে। EWF হল একটি বৃহত্ আকারের সরকারি প্রোগ্রামগুলির মধ্যে একটি প্রতিশ্রুতিবদ্ধ দৃষ্টান্ত যা সফলভাবে এবং দ্রুত বাস্তবায়িত হয়েছিল এবং স্টেট-জুড়ে কর্মীদের আর্থিক ত্রাণের অন্তর্ভুক্ত করার লক্ষ্য পূরণ করেছে, যারা অতিমারি চলাকালীন জীবিকা হারিয়েছে এবং সরকার কর্তৃক জারি করা COVID-19 সুবিধার জন্য অনুমোদিত হয়নি। EWF দেখায় যে সরকার, অ্যাডভোকেসি গ্রুপ, CBO, এবং বেসরকারী বিভাগগুলি (প্রযুক্তি) এর মধ্যে সত্যিকারের সহযোগিতামূলক অংশীদারিত্ব অর্জন করতে কি না কি করতে পারে যখন সবাই একটি দায়িত্ব ভাগ করে লক্ষ্য পূর্ণ করতে একটি অর্থপূর্ণ উপায়ে মানুষের জীবনকে প্রভাবিত করে এবং এরকম ফলাফল প্রদানের জন্য একসাথে একটি প্রেরণা নিয়ে আসে।



WE ARE YOUR DOL

NEW YORK STATE | Department of Labor

excluded WORKER$ fund